68

দৈনিক সংবাদ

তারিখ 17 SEP 1996 ... পৃষ্ঠা 7 কলাম 5

# ছাত্রলীগ-ছাত্রদল সন্ত্রাসীদের তালিকা জমা দিয়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল সোমবার ছাত্রদল ও ছাত্রলীগ (শা-পা) নেতৃবৃন্দ আলাদা-আলাদাভাবে সন্ত্রাসীদের নামের দু'টি তালিকা উপাচার্য অধ্যাপক শহীদ উদ্দিন আহমদের কাছে দিয়েছে। ছাত্রদল নেতৃবৃন্দ ছাত্রলীগের (শা-পা) ১৭ জনের এবং ছাত্রলীগ (শা-পা) নেতৃবৃন্দ ছাত্রদলের ১০ জন সন্ত্রাসীর নামের তালিকা দিয়েছে। এ তালিকায় আরো সন্ত্রাসীদের নাম যুক্ত হবে। খবর বিশস্ত সূত্রের। ভারপ্রাপ্ত উপাচার্য বলেছেন, তিনি আংশিক তালিকা পেয়েছেন, তবে নিরাপত্তার কারণে নাম প্রকাশ করা হবে না।

সূত্র জানায়, গতকাল সোমবার দুপুরে ছাত্রদল নেতৃবৃন্দ ছাত্রলীগের (শা-পা) ১৭ জন সন্ত্রাসীর নামের একটি তালিকা উপাচার্যের কাছে হস্তান্তর করেছেন। এ ১৭ জনের মধ্যে ৭ জন বহিরাগত সন্ত্রাসী।

তালিকা : পৃঃ ১১ কঃ ৭

## তালিকা : জমা দিয়েছে

( ১ম পৃষ্ঠার পর )

বাকি ১০ জন ঢাকা বিশ্ববিদ্যালয়েরই ছাত্র, তবে এরা মুহসীন হলে গিয়ে সন্ত্রাস করে। অন্যান্য হলে সন্ত্রাস সৃষ্টিকারীদের নাম এখনো তালিকাভুক্ত করা হয়নি। দু'একদিনের মধ্যে অন্যান্য হলের সন্ত্রাসীদের নামের তালিকাও দেয়া হবে।

সূত্রমতে, ছাত্রলীগের (শা-পা) ১৭ জন সন্ত্রাসীর মধ্যে ৭ জন বহিরাগত। তালিকাভুক্ত এ বহিরাগত সন্ত্রাসীরা হচ্ছে কাদের, রেজা, রতন, মিঠু, ফয়সাল, বাকি ২ জনের নাম জানা যায়নি। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র যে ১০ জন তালিকাভুক্ত হয়েছে তাদের মধ্যে রয়েছে সরোজ, আসাদ, শামীম, শুভ, হাবিব, নোমান, সতেজ, রিপন, হেমায়েত।

ছাত্রলীগ (শা-পা) নেতৃবৃন্দ কর্তৃক গতকাল বিকেলে উপাচার্যের কাছে ছাত্রদলের যে ১০ জনের নাম দেয়া হয়েছে তারা হচ্ছে সুলতান সালাহউদ্দিন টুকু, নাসির উদ্দিন, [illegible] ইসলাম (ল্যাংড়া রফিক), হারুন-উর রশিদ, জাভেদ, স্বপন, মুকুল। বাকিদের নাম জানা যায়নি।

গত ১০ই সেপ্টেম্বর উপাচার্যের সাথে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের এক বৈঠকে সন্ত্রাসীদের নামের তালিকা তৈরির সিদ্ধান্ত হয়। পরে ১১ই সেপ্টেম্বর অপর এক বৈঠকে ৭২ ঘন্টার মধ্যে তালিকা প্রকাশের পুনর্সিদ্ধান্ত হয়। সে অনুযায়ী ১৪ই সেপ্টেম্বর সন্ত্রাসীদের নামের তালিকা প্রকাশের শেষ সময় হলেও উভয় সংগঠনই প্রতিপক্ষ সংগঠনের সন্ত্রাসীদের নামের তালিকা দিতে ব্যর্থ হয়। পরে উপাচার্য অধ্যাপক শহীদ উদ্দিন আহমেদ সময়সীমা আরো ২৪ ঘন্টা বর্ধিত করেন। সে অনুযায়ী গত রোববার ছিল তালিকা প্রদানের সর্বশেষ সময়। উপাচার্য এবং সংগঠন-সমূহের নেতৃবৃন্দ যদিও তালিকা প্রকাশের কথা বলেন তারপরও অনেকের ধারণা গত রোববার উভয় সংগঠনই তালিকা প্রদানে ব্যর্থ হয়েছে। এদিকে একটি সূত্র জানায় যে, সন্ত্রাসীদের নামের তালিকার একটি অংশ গতকাল সোমবার উপাচার্যের কাছে দেয়া হয়েছে। সূত্রমতে, সন্ত্রাসীদের নামের তালিকা দেয়া অব্যাহত থাকবে।